



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2021

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কের হাসপাতালে ভর্তি এবং COVID-19 সংক্রমণের হার ক্রমাগত কমে যাওয়ায় বেশ কয়েকটি শিল্পের জন্য পুনরায় খোলার অতিরিক্ত নির্দেশিকা ঘোষণা করেছেন

5 মার্চ থেকে বিলিয়র্ড হলগুলো রাজ্যব্যাপী পুনরায় খুলতে পারে; এছাড়াও নিউ ইয়র্ক সিটির সিনেমা হল পুনরায় খোলা হবে

15 মার্চ থেকে, বিবাহ এবং কেটারিং ইভেন্ট রাজ্যব্যাপী পুনরায় শুরু হতে পারে

সকল পুনরায় খোলা কঠোর স্বাস্থ্য এবং সুবক্ষা প্রোটোকল সাপেক্ষে হতে হবে

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে যখন নিউ ইয়র্কের হাসপাতালে ভর্তি এবং COVID-19 সংক্রমণের হার ক্রমাগত কমে, তখন নিউ ইয়র্ক অর্থনীতির অতিরিক্ত খাত পুনরায় খোলার জন্য নির্দেশিকা জারি করছে। বিশেষ করে, বিলিয়র্ড হল রাজ্যব্যাপী এবং নিউ ইয়র্ক শহরের সিনেমা হল এখন পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়। উপরন্তু, বিয়ে এবং কেটারিং অনুষ্ঠানের জন্য নির্দেশিকা প্রকাশ করা হচ্ছে যা 15 মার্চ থেকে পুনরায় শুরু হতে যাচ্ছে।

"প্রথম দিন থেকে, আমরা বলেছি যে আমাদের COVID পুনরুদ্ধার জনস্বাস্থ্য এবং অর্থনীতির মধ্যে যেকোন একটি পছন্দ নয়- এটা উভয়ই হতে হবে - এবং নিউ ইয়র্কে আমরা প্রদর্শন করছি কিভাবে নিরাপদে এবং বুদ্ধিমত্তার সাথে তা করা যায়," **গভর্নর কুওমো বলেন।** "সকল নিউ ইয়র্কবাসীদের কঠোর পরিশ্রম এবং অঙ্গীকারের কল্যাণে, আমাদের সংক্রমণের হার এখন তিন মাসের মধ্যে সবচেয়ে কম, এবং সেই অনুযায়ী আমরা এখন নিউ ইয়র্ক শহরের বিলিয়র্ড হল, বিয়ে এবং সিনেমা হল সহ বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রম পুনরায় খুলবো। যেহেতু আমাদের সংক্রমণের হার ক্রমাগত কমে, এবং টিকাকরণের হার ক্রমাগত বাড়ছে, আমরা আমাদের রাজ্যের অর্থনীতির বিভিন্ন খাত পুনরায় খুলতে থাকব এবং আমাদের রাষ্ট্রকে আগের চেয়ে ভালোভাবে গড়ে তোলার প্রচেষ্টার উপর মনোযোগ প্রদান করব।"

উপরন্তু, রাজ্যের অবশিষ্ট যে কোন অংশে বন্ধ করা সিনেমা হল নির্দেশিকা অনুযায়ী খোলা হতে পারে।

প্রতিটি শিল্পের জন্য সুনির্দিষ্ট সারসংক্ষেপ নির্দেশিকা নিম্নরূপ:

5 মার্চ খোলা হচ্ছে:

নিউ ইয়র্ক শহরের সিনেমা হল

- ভেন্যুগুলো 25 শতাংশ ধারণ ক্ষমতার মধ্যে সীমাবদ্ধ, যেখানে একবারে প্রতি স্ক্রিনে 50 জনের বেশি লোক থাকে না।
- বসার সময় এবং খাওয়া বা পান করার সময় ছাড়া সব সময় মুখোশের প্রয়োজন হবে।
- সকল থিয়েটারে বরাদ্দকৃত আসন প্রয়োজন হবে।
- সব সময় পক্ষাগুলির মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখার প্রয়োজন হবে।
- দখলদারী, ট্রাফিক এবং আসন নিয়ন্ত্রণ করতে অতিরিক্ত কর্মী প্রয়োজন হবে যাতে মেনে চলা নিশ্চিত করা যায়।
- বর্ধিত এয়ার ফিল্ট্রেশন, ভেন্টিলেশন এবং শুদ্ধিকরণ মান অবশ্যই থিয়েটারগুলিকে পূরণ করতে হবে।
- এই কাজ নিউ ইয়র্ক সিটি সিনেমা হলগুলিকে রাজ্যের বাকি অংশ জুড়ে সিনেমা হলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণতায় নিয়ে আসে।

বিলিয়ার্ড/পুল হল

- নিউ ইয়র্ক সিটির বাইরের হলগুলি 50 শতাংশ ধারণ ক্ষমতার মধ্যে সীমাবদ্ধ; নিউ ইয়র্ক সিটিতে 35 শতাংশ ধারণ ক্ষমতা
- বসার সময় এবং খাওয়া বা পান করার সময় ছাড়া সব সময় মুখোশের প্রয়োজন হবে।
- বাধ্যতামূলক সামাজিক দূরত্ব পালন অবশ্যই প্রয়োগ করতে হবে, অথবা পৃষ্ঠপোষক/খেলোয়াড়দের পক্ষের মধ্যে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করতে হবে।
- মিশ্রণ এড়াতে প্রতিটি দলকে একটি টেবিলে নিয়োগ করতে হবে।
- কর্মীদের অবশ্যই ব্যবহারের মধ্যে যে কোন ভাড়া বা অংশীদারি সরঞ্জাম কঠোরভাবে পরিষ্কার করতে হবে এবং জীবাণুমুক্ত করতে হবে।

15 মার্চ থেকে শুরু হচ্ছে:

বিবাহ ও কেটারিং করা অনুষ্ঠান

- ভেন্যুগুলো 50 ধারণ ক্ষমতার মধ্যে সীমাবদ্ধ, যেখানে প্রতি ইভেন্টে 150 জনের বেশী মানুষ থাকতে পারবে না।
- ইভেন্টের আগে সকল পৃষ্ঠপোষককে অবশ্যই পরীক্ষা করতে হবে।
- সম্ভাব্য যোগাযোগ ট্রেসিং-এ সহায়তা করার জন্য প্রয়োজনীয় যোগাযোগ তথ্য সহ সাইন-ইন করতে হবে।
- সামাজিক সমাবেশের সীমার উর্ধ্বে বড় অনুষ্ঠানের ক্ষেত্রে ভেন্যুগুলিকে অবশ্যই স্থানীয় স্বাস্থ্য বিভাগকে আগাম অবহিত করতে হবে।
- বসার সময় এবং খাওয়া বা পান করার সময় ছাড়া সব সময় মুখোশের প্রয়োজন হবে।
- আনুষ্ঠানিক এবং সামাজিকভাবে দূরবর্তী নাচ কঠোর নির্দেশিকার অধীনে অনুমোদিত।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)